# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 26 April, 2025

সেবা, সাহসিকতা ও বীরত্বপূর্ণ ভূমিকার জন্য এবার বাংলাদেশ পুলিশ পদক (বিপিএম) ও প্রেসিডেন্ট পুলিশ পদক (পিপিএম) পদক পাচ্ছেন ৬২ পুলিশ কর্মকর্তা ও সদস্য।বিগত কয়েক বছর থেকে এবার পদকপ্রাপ্তদের সংখ্যা অনেক কমিয়ে আনা হয়েছে।

বিপিএম সাহসিকতা ও সেবা এবং পিপিএম সাহসিকতা ও সেবা- এই চারটি ক্যাটাগরিতে প্রতিবছর এই পুরস্কার দেওয়া হয়।

এ বছরের পুলিশ সপ্তাহের জন্য ইতোমধ্যে পুলিশ সদর দপ্তর থেকে পুরস্কারপ্রাপ্তদের তালিকা চূড়ান্ত করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।চলতি সপ্তাহেই বিষয়টি গেজেট আকারে প্রকাশিত হবে।

আগামী ২৯ এপ্রিল রাজারবাগে অনুষ্ঠিতব্য পুলিশ সপ্তাহে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস পুলিশ কর্মকর্তা ও সদস্যদের এসব পদক তুলে দেবেন।

পুলিশের একজন কর্মকর্তা জানান, এবার পদকের সংখ্যা অন্যান্য যে কোনো সময়ের তুলনায় অনেক কম।যারা ভালো ও সাহসিকতার সঙ্গে কাজ করেছেন শুধু তাদের পদক দেওয়া হচ্ছে।

জানা যায়, আগামী ২৯ এপ্রিল রাজাররাগ পুলিশ লাইনস অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে 'পুলিশ সপ্তাহ'।অন্তর্বর্তী সরকারের আমলের প্রথম এ পুলিশ সপ্তাহ অনুষ্ঠিত হবে তিন দিনব্যাপী।প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস অনুষ্ঠানের উদ্বোধন করবেন।বিশেষ দরবার অনুষ্ঠিত হওয়ার পর পুলিশ ও রাষ্ট্রপতি পদক পরিয়ে দেবেন তিনি।

পুলিশ প্রধান উপদেষ্টা স্বরাষ্ট্র মন্ত্রণালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:17

URL: https://www.timestodaybd.com/national/7758071462